

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-2

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) গদ্যের বিকাশ থেকে  
সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব]

পূর্ণমান : ৩০

সময় : ১½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ৫-৬ পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'গৌড়ীয় ব্যাকরণ' কার লেখা? কত সালে প্রকাশিত হয়েছে?

খ) 'সাম্য' প্রবন্ধটির রচয়িতার নাম লিখে প্রবন্ধটির রচনাকাল উল্লেখ  
করো।

গ) জীবনানন্দ দাশের দুটি কাব্যগ্রন্থের নাম প্রকাশকাল সহ লেখো।

ঘ) ঔপন্যাসিকদের নাম লেখো —

'ঘরে-বাইরে', 'গণদেবতা', 'আরণ্যক', 'পল্লীসমাজ'।

ঙ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম সম্পাদকের নাম লেখো। পত্রিকাটি  
প্রথম কত সালে প্রকাশিত হয়?

(পরের পাতায়)

চ) বাংলা নাট্যসাহিত্যের প্রথম ঐতিহাসিক নাটকের নাম লেখো।  
নাটকটি কে রচনা করেন?ছ) করিয়া > কইর্যা > করে — এখানে কি ধরনের ধ্বনি পরিবর্তন  
ঘটেছে? এই পরিবর্তন কোন্ উপভাষায় দেখা যায়?

জ) পুরুষ কয় প্রকার ও কি কি?

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা ঐতিহাসিক নাটকে দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান  
আলোচনা করো।খ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? বাংলা কাব্যে তাঁর অবদান  
আলোচনা করো।গ) টীকা লেখো: (যে-কোনো দুটি)  
'নীলদর্পণ', 'সমাচারদর্পণ', 'মেঘনাদবধ কাব্য', 'বিভূতিভূষণ  
বন্দ্যোপাধ্যায়'ঘ) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি সংক্ষেপে দৃষ্টান্তসহ  
আলোচনা করো।ঙ) সংজ্ঞাসহ উদাহরণ দাও (যে-কোনো দুটি)  
অপিনিহিতি, সমীভবন, স্বরসঙ্গতি, ধ্বনিলোপ

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×১=১০

ক) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের  
তিনজন লেখকের কৃতিত্ব আলোচনা করো।খ) বাংলা উপন্যাসের ধারায় সাহিত্য সত্রটি বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব  
নিরূপণ করো।গ) সাম্প্রতিক বাংলার কালসীমা উল্লেখ করে এর ভাষাতাত্ত্বিক  
বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।